

# যুগান্তর

## ডুয়েটে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ আহত ৮

৩০ জুন পর্যন্ত ছুটি ঘোষণা

প্রকাশ : ২৪ মে ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে অবস্থিত ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) ছাত্রলীগের দুই গ্রুপের দফায় দফায় সংঘর্ষে আটজন আহত হয়েছে। ক্যাম্পাসে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সোম-মঙ্গলবার রাতে দুই দফা সংঘর্ষ ও ভাংচুরের ঘটনা ঘটেছে। দুই গ্রুপের ক্যাডাররা দফায় দফায় বিক্ষোভ করে ও মহড়া দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ২৩ মে থেকে ৩০ জুন পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে।

ডুয়েট ছাত্রলীগের নব ঘোষিত কমিটির সভাপতি ভায়েবুর রহমানের সমর্থিত কয়েক কর্মী সোমবার বিশ্ববিদ্যালয় পেট এলাকার দু'জন ফটোকপি ব্যবসায়ীকে ক্যাম্পাসে ধরে নিয়ে চাঁদা দাবি করে। খবর পেয়ে সাধারণ সম্পাদক বিনয় ব্যানাজীর সমর্থিত গ্রুপের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে প্রতিবাদ জানায় এবং আটকদের ছেড়ে দেয়ার দাবি জানায়। এ নিয়ে দুই গ্রুপের মধ্যে বাকবিতণ্ডা হয় এবং একপর্যায়ে তারা পরস্পরের ওপর হামলা করে। এতে সাধারণ সম্পাদক সমর্থিত কর্মী ও ইইই বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র সাদ্দাম হোসেন ও ওয়াক্ফি হোসেন এবং একই বর্ষের মেকানিক্যাল বিভাগের ছাত্র মিজানুর রহমান মিস্ট্রুন আহত হয়। আহতদের বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিকে চিকিৎসা দেয়া হয়।

এদিকে আগের দিনের ঘটনার জের ধরে মঙ্গলবার রাতে ভায়েবুর সমর্থিতরা কাজী নজরুল ইসলাম আবাসিক হলের পুরনো ভবনে এবং বিনয়ের সমর্থিতরা একই হলের এক্সটেনশন ভবনে অবস্থান নিয়ে মহড়া দিতে থাকে। এ সময় তারা পরস্পরের বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দিয়ে বিক্ষোভ করে। এক পর্যায়ে ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং দুই গ্রুপের ক্যাডাররা ধারালো অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীরা জানান, সংঘর্ষের ঘটনায় আহতদের দুটি অ্যাম্বুলেন্সে করে হাসপাতালে পাঠানো হয়। খবর পেয়ে পুলিশ রাত সাড়ে ১০টার দিকে ঘটনাস্থলে গিয়ে লাঠিচার্জ করে বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশ রাতে বিভিন্ন আবাসিক হলে অভিযান চালায়। রাত পোনে ১টা পর্যন্ত পুলিশের অভিযান চলে। শিক্ষার্থীরা জানান, ঘটনাস্থল থেকে সাধারণ সম্পাদক বিনয়, সাবেক সহ-সভাপতি মো. আবুল হোসেন আকাশ ও হানিফ মাহমুদসহ ছয় শিক্ষার্থীকে আটক করে পুলিশ।

ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়ায় নির্ধারিত সময়ের কয়েকদিন আগেই রমজান ও ঈদ উপলক্ষে আগামী ৩০ জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয় ছুটি ঘোষণা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। মঙ্গলবার রাতের মধ্যেই শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয় কর্তৃপক্ষ। ছাত্র অসন্তোষের কারণে রেজিস্ট্রারের স্বাক্ষরিত এক জরুরি নোটিশে বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলার স্বার্থে বুধবার রাতের মধ্যেই আবাসিক হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. মোহাম্মদ আলাউদ্দিন জানান, ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করায় আগামী ৩০ জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয় ছুটি ঘোষণা করে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। কিছুসংখ্যক শিক্ষার্থী হল ত্যাগ না করে ক্যাম্পাসে উত্তেজনা সৃষ্টি করে। পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে তাদের হল ত্যাগের জন্য রাতে অভিযান চালায়।

জয়দেবপুর থানার ওসি আমিনুল ইসলাম জানান, ভিসির সহযোগিতায় মুচলেকা নিয়ে বুধবার দুপুরে আটকদের ছেড়ে দেয়া হয়। ওই ব্যাপারে কোনো মামলা হয়নি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএস : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।